মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

বিষয়ঃ ৩০/০৫/২০২১ তারিখ বেলা ১২.০০ ঘটিকায় অনুষ্ঠিত মবক'র মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, পিএসসি, চেয়ারম্যান। |
| তারিখ | : | ৩০-০৫-২০২১ খ্রিঃ। |
| সময় | : | ১২.০০ ঘটিকা। |
| স্থান | : | মবক'র সভা কক্ষ। |

সভাপতির অনুমতিক্রমে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে পরিচালক (প্রশাসন) চেয়ারম্যান ও সদস্য মহোদয়গণের সহযোগিতায় বন্দরের কাজ এগিয়ে নেয়ার আশা ব্যক্ত করে সভার কাজ শুরু করেন। অতঃপর পরিচালক (প্রশাসন) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:-

১। গত ২৭/০৪/২০২১ তারিখ অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | অডিট কার্যক্রম পরিচালনা এবং অডিট আপত্তি হ্রাস।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ২৯/১০/২০১৯ | ক) সভার সিদ্ধান্ত অনুযায়ী ইতোমধ্যে অনুষ্ঠিত দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভায় নিস্পত্তির জন্য সুপারিশকৃত আপত্তি নিষ্পত্তি পত্র জারীর বিষয়ে সংশ্লিষ্ট পরিবহন অডিট অধিদপ্তর, ঢাকায় যোগাযোগ অব্যাহত রয়েছে।<br>খ) অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহের জবাব সংশ্লিষ্ট বিভাগের সমন্বয়ে প্রস্তুত করা হয়ে থাকে। | ক) ২০২০ সনে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভায় ১৮টি এবং ২০২১ সনে অনুষ্ঠিত দ্বিপক্ষীয় সভায় ০৫টি ও দ্বিপক্ষীয় সভায় ০৬টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়। তদপ্রেক্ষিতে নিষ্পত্তিপত্র জারীকরণের লক্ষ্যে মহা পরিচালক, পরিবহন অডিট অধিদপ্তর, ঢাকার বরাবরে পত্র প্রেরণসহ ব্যক্তিগত যোগাযোগ রক্ষা করে আপত্তি নিষ্পত্তি ত্বরান্বিত করতে হবে।<br>খ) অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে আন্তঃ বিভাগীয় সভা আহবান অব্যাহত রাখতে হবে। | প্রধান নিরীক্ষা কর্মকর্তা |
| ২. | মোংলা পৌরসভার সাথে যৌথভাবে পরিচালিত ট্রাক টার্মিনালের খসড়া নীতিমালা বিষয়ে আলোচনা।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ২৪/০২/২০২০ | ক) লে-আউট ও নকশার কপি চেয়ে মোংলা পৌরসভার গত ০১/০৩/২০২১ তারিখে পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে। অদ্যাবধি জবাব পাওয়া যায়নি। রেলওয়ে কর্তৃক চাহিত ১.৩৫ একর জমি মবক কর্তৃক অন্য কোন স্থান হতে হস্তান্তর করা হবে না। লে-আউট ব্যতিত কোন স্থাপনা যেন না করা হয় সে দিকে নজর রাখতে হবে এবং লে-আউট ও ভবনের নকশার কপি চেয়ে পৌরসভাকে পুনরায় পত্র প্রেরণ করতে হবে। আগামী ৩১/০৫/২১ তারিখে মোংলা পৌরসভার সাথে সভা অনুষ্ঠিত হওয়ার দিন ধার্য আছে।<br>খ) দোকানগুলি কীভাবে বরাদ্দ প্রদান করা হয়েছে বিস্তারিত তথ্যাদিসহ সুপারিশ সম্বলিত প্রতিবেদন দাখিলের জন্য কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) চুক্তিপত্রের শর্ত মোতাবেক মবক'র পাওনা মবককে পরিশোধ করতে হবে। এ বিষয়ে ৩১/০৫/২১ তারিখে সদস্য (প্রঃওউঃ) মহোদয়ের সভাপতিত্বে সংশ্লিস্ট বিভাগীয় প্রধান এবং মেয়র, পৌরসভার সাথে সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় বিস্তারিত বিষয় আলোচনা করে মবক এর স্বার্থ সংশ্লিষ্ট বিষয়গুলো নিষ্পন্ন করতে হবে।<br>খ) প্রতিবেদন দাখিলের পর সুপারিশ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। সভায় বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে এবং সিদ্ধান্ত বাস্তাবয়ন করতে হবে। | পরিচালক (প্রশাসন) ও প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) |
| ৩. | মামলা সংক্রান্ত।<br>এজেন্ডা শুরুর তারিখঃ ২২/০৩/২০২০ | মামলার বিষয়ে আইনজীবীকে অগ্রিম বিল দেয়া বন্ধ করা হয়েছে। রেট সিডিউল অনুযায়ী এ্যাডভোকেট রইস উদ্দিন আহম্মেদ এর ৫৭,৬৬,০০০/- টাকা বিলের বিষয়টি এবং ০৯টি মামলা সংক্রান্ত তথ্য না থাকায় তার তথ্য চেয়ে প্রণীত পরিচ্ছন্নপত্র স্বাক্ষরের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। | মামলার বিবরণীসহ কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন দাখিল করা হয়েছে। অনুমোদন প্রাপ্তির পর মবক কর্তৃক অনুমোদিত বিলের বিষয়ে সংশ্লিষ্ট আইনজীবী বা তাঁর প্রতিনিধি একমত হলে বিল পরিশোধের ব্যবস্থা নেওয়া হবে। | ব্যবস্থাপক (প্রশাসন) |

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৪. | খুলনা ও মোংলা রেস্ট হাউজ পরিচালনার জন্য নীতিমালা প্রণয়ন। এজেন্ডা শুরুর তারিখঃ ২২/০৩/২০২০ | খুলনা ও মোংলা রেস্ট হাউজ পরিচালনার জন্য খসড়া নীতিমালা চূড়ান্ত করার বিষয়ে নথি উপস্থাপন করা হয়েছে। | খসড়া নীতিমালা অনুমোদনের পর দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপক (প্রশাসন) |
| ৫. | অবৈধ দখলদার উচ্ছেদ। এজেন্ডা শুরুর তারিখঃ ২২/০৩/২০২০ | মবক'র অনেক সম্পত্তি অবৈধভাবে দখলে আছে, সেগুলো জরুরীভাবে দখলমুক্ত করার জন্য তালিকা প্রস্তুত করতে হবে এবং মবক'র ম্যাজিস্ট্রেট এর নির্দেশনা অনুযায়ী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অবৈধ উচ্ছেদ কার্যক্রম শুরু করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। পুরাতন মোংলার অবৈধ দখলদারদের তালিকা প্রণয়ন করা হয়েছে। | অবৈধ দখলদারদের দ্রুত উচ্ছেদের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন), প্রধান নিরাপত্তা কর্মকর্তা ও প্রধান প্রকৌশলী (সিঃ ও হাঃ) |
| ৬. | কর্মকর্তা ও কর্মচারীদের সুলভ মূল্যে গ্যাস সরবরাহ। এজেন্ডা শুরুর তারিখঃ ০৭/০৫/২০২০ | মোংলা বন্দর কর্তৃপক্ষে এল.পি.জি গ্যাস সিলিন্ডার সরবরাহের বিষয়ে ডেলটা এল.পি.জি লিমিটেডে ২২/০৩/২০২১ তারিখে পুনঃ খসড়া চুক্তিপত্র প্রেরণ করে। তাদের দাখিলীয় খসড়া চুক্তিপত্র পর্যালোচনা করে পুনরায় একটি খসড়া চুক্তিপত্র প্রণয়নপূর্বক উহা বিজ্ঞ আইনজীবী কর্তৃক ভেটেড পর্যায়ে এল.পি.জি গ্যাসের মূল্য নির্ধারণ নিয়ে প্রধান প্রকৌশলী (যাঃ ও তঃ), সিবিএ'র সভাপতি ও ডেল্টা এলপিজির প্রতিনিধির সাথে আলাচনা হয়। আলাপ অন্তে মূল্য নির্ধারণের বিষয়ে একমত না হওয়ায় ডেল্টা এলপিজির সিনিয়র কর্মকর্তার সাথে মবক'র উর্দ্ধতন কর্মকর্তাদের নিয়ে অনুষ্ঠিত সভায় মূল্য নির্ধারণের বিষয়ে আলোচনা করা হবে মর্মে মৌখিক সিদ্ধান্ত গৃহীত হয়। গ্যাস সরবরাহের বিষয়ে দ্রুত নীতিমালা প্রস্তুত করার জন্য সিবিএ এর সভাপতি অনুরোধ জানান। এ প্রেক্ষিতে সভার সভাপতি জানান যে, প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীর আবাসিক সুলভমূল্যে গ্যাস সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | আগামী জুলাই ২০২১ হতে গ্যাস সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী (যা:ওত:) ও ইআর শাখা (প্রশাসন বিভাগ) |
| ৭. | এপিএ ২০২০-২১ বাস্তবায়ন অগ্রগতি প্রসঙ্গে। এজেন্ডা শুরুর তারিখঃ ১৯-০৮-২০২০ | করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে প্রশিক্ষণের আয়োজন করা হবে। APA সংক্রান্ত প্রমাণক সংরক্ষণ করা হয় এবং APA এর ত্রৈমাসিক প্রতিবেদন গত ১৩/০৪/২০২১ তারিখে APAMS সফটওয়্যারে আপলোড করা হয়েছে। | আগামী অর্থ বছরের এপিএ এর অগ্রগতি ১০/০৬/২১ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপ-পরিকল্পনা প্রধান |
| ৮. | পুরাতন মোংলা আবাসিকসমূহে সুপেয় পানি দ্রুত বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ। এজেন্ডা শুরুর তারিখঃ ২৭-০৯-২০২০ | ওয়াটার ট্রিটমেন্ট প্লান স্থাপনের নিমিত্তে মাটি পরীক্ষার জন্য গত ২০/০৫/২১ তারিখে নথি উপস্থাপন করা হয়েছে। অনুমোদন পাওয়া গেলে পরবর্তীতে ডিজাইন, ড্রইং এবং প্রাক্কলনের কাজ হাতে নেওয়া হবে। | কাজটি যথাসময়ে সম্পন্নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী (সি:ও হা:) |
| ৯. | বাসা বরাদ্দ/বাতিল। এজেন্ডা শুরুর তারিখঃ ২২-১০-২০২০ | সকল সাবলেট বাতিলের বিষয়টি নিশ্চিত করতে হবে। মোংলায় বাসা আছে এমন কাউকে বাসে সীট বরাদ্দ দেয়া যাবে না। সাবলেটধারীদের তালিকা প্রণয়ন করে হারবার মাস্টারকে দ্রুত সরবরাহ করতে হবে। বরাদ্দকৃত বাসা থেকে ০৭ (সাত) দিনের মধ্যে সাবলেট নামানোর জন্য নোটিশ দিতে হবে। উক্ত সময়ের মধ্যে বরাদ্দকারী বাসায় বসবাস না করলে সিকিউরিটি সঙ্গে নিয়ে তালা ভেঙ্গে নতুন বরাদ্দকারীকে বাসাটি হস্তান্তর করতে হবে। উল্লেখ্য যে, অবশিস্ট ১৮ জনের মধ্যে ০৪ জন বাসা হস্তান্তর করছেন। পরবর্তীতে ১৪ জন কর্মচারী দাখিলকৃত বাসা বরাদ্দ বহাল চেয়ে আবেদনের প্রেক্ষিতে কর্তৃপক্ষের সিদ্ধান্তের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। | কমিটি গঠন করা হয়েছে। কমিটির প্রতিবেদন পাওয়া যায়নি। সাবলেট প্রদানকারী ১৪জন কর্মচারী বাসা বহাল রাখার আবেদন যাচাই বাছাই এবং বাসাগুলো সরেজমিনে পরিদর্শনপূর্বক কমিটির প্রতিবেদন প্রাপ্তির পর বাসা বহাল/বাতিলের সিদ্ধান্ত গ্রহণ করা হবে। | পরিচালক (প্রশাসন) ও হারবার মাস্টার |

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১০. | মবক'র ইংরেজি ও নামফলক।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>২৮-১২-২০২০ | বন্দরের মেইন গেটে মবক'র ইংরেজি ও বাংলা নামফলক থাকার বিষয়ে আলোচনান্তে গত ২০-০১-২০২১ তারিখের মধ্যে প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) এবং প্রধান প্রকৌশলী (যাঃওতঃ) সমন্বয় করে ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। প্রধান প্রকৌশলী (যাঃওতঃ) জানান যে, কাজের Scope তৈরী করা হয়েছে। নীতিগত অনুমোদনের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। | মবক'র বন্দর ভবনের নাম বাংলায় সদর দপ্তর এবং ইংরেজিতে Head Quarter লিখতে হবে। | প্রধান প্রকৌশলী (যাঃওতঃ) |
| ১১. | মবক এর ভান্ডার সমূহের Damage Item, Slow moving Item সমূহ নিলামে বিক্রয়।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>০৩-০৩-২০২১ | মোংলা বন্দর কর্তৃপক্ষের চূড়ান্ত হিসাব নিরীক্ষাকালে বহিঃ নিরীক্ষকগণ মবক এর ভান্ডার সমূহের Damage Item, Slow moving Item সমূহ নিলামে বিক্রয়ের সুপারিশ করে থাকেন। উক্ত সুপারিশের উপর কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগে পত্র প্রেরণ করা হয়েছিল, বাস্তবায়ন অদ্যাবধি জানা যায়নি। আগামী ২৭/০৪/২০২১ তারিখে দরপত্র গ্রহণের তারিখ নির্ধারিত আছে। | ৩য় বার টেন্ডার করে সর্বোচ্চ দরদাতা না পাওয়া গেলে নথি উপস্থাপন করে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যান্ত্রিক ও তড়িৎ, নৌ প্রকৌশল বিভাগ এবং কেন্দ্রীয় ভান্ডার |
| ১২. | মবক এর দৈনিক শ্রম নিয়োজিত জনবলের গ্রুপ ভিত্তিক ডিউটি করানো।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>০৩-০৩-২০২১ | গত ২৭/০৪/২১ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার সিদ্ধান্তের আংশিক সংশোধন করা হলো। বিভিন্ন বিভাগের সাথে আলোচনার প্রেক্ষিতে যাঃ ও তঃ বিভাগের ২০ জন ও অর্থ ও হিসাব রক্ষণ বিভাগের ০৩ জন দৈনিক মজুরীভিত্তিক শ্রমিকদের অব্যাহতি দেয়া হয়। উল্লেখ্য যে, (১৩৩-২৩)=১১০জন দৈনিক মজুরীভিত্তিক শ্রমিক কর্মরত আছে। দৈনিক শ্রমিক ভিত্তিতে নিয়োজিত জনবলের তালিকা চেয়ে সকল বিভাগীয় প্রধানদের পত্র প্রেরণ করা হয়েছে। প্রশাসন বিভাগের দৈনিক মজুরী ভিত্তিক ৪৭ জনের মধ্যে আগামী সভায় কিছু জনবল বাদ দিয়ে উপস্থাপন করতে হবে। | যাঃ ও তঃ বিভাগের দৈনিক মজুরী ভিত্তিক ড্রাইভার ০১/০৬/২১ তারিখ হতে পুনরায় নিয়োগের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন) |
| ১৩. | আমদানীকারকগণ কর্তৃক মোংলা বন্দর ব্যবহারে উৎসাহ প্রদান।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>০৩-০৩-২০২১ | বন্দর ব্যবহারকারীগণ কর্তৃক মোংলা বন্দর ব্যবহারে অধিকতর উৎসাহ সৃষ্টির জন্য সভা করতে হবে। ফলে আমদানীকারকগণ মোংলা বন্দর ব্যবহারে আগ্রহ প্রকাশ করে। উল্লেখ্য যে, মোংলা বন্দরে ৯ মিটার জাহাজ আগমনের বিষয়টিসহ বন্দরের সক্ষমতা সম্পর্কে সংশ্লিষ্ট আমদানীকারকদেরকে অবহিত করতে হবে। সভার সভাপতি মহোদয় বলেন যে, একজন ইলেকট্রিক ইঞ্জিনিয়ারসহ একজন সদ্য নিয়োগপ্রাপ্ত কর্মকর্তার সমন্বয়ে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট বিভাগ হতে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং কমিটিতে একজন প্রকৌশলী অন্তর্ভুক্ত করতে হবে। | পরিচালক (ট্রাফিক) ও প্রধান প্রকৌশলী (যাঃওতঃ) |
| ১৪. | মোংলা বন্দরের বিভিন্ন স্থানে স্তুপকৃত ড্রেজিং মাটি অপসারণ।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>২৭-০৪-২০২১ | মোংলা বন্দরের জেটি সম্মুখ এবং মোংলা বন্দর এলাকায় বিদ্যমান বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের জেটির সামনে ড্রেজিং করে মবক এর বিভিন্ন জমিতে মাটি ফেলা হয়ে থাকে। বর্তমানে প্রায় সকল জমি ভরাট হয়ে গিয়েছে এবং অনেক স্থানে ড্রেজিং মাটি স্তুপ করে রাখা আছে। মবক এর জেটির সামনে যে কাটার সাকশন ড্রেজার দ্বারা ড্রেজিং করা হয়, তা দিয়ে সর্বোচ্চ ১৫০০ মি. দূরে মাটি ফেলা যায়। এই সীমাবদ্ধতার কারণে জেটি সম্মুখ হতে ড্রেজিং করে মবক এর সীমানার বাইরে মাটি ফেলা সম্ভব নয়। অন্যদিকে বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানকে ড্রেজিং মাটি ফেলার জন্য জমি দেওয়া হলে মবক তা থেকে ভাড়া পেয়ে থাকে। কিন্তু বর্তমানে আর কোন নিচু জমি না থাকায় ড্রেজিং মাটি ফেলা বাধাগ্রস্ত হচ্ছে এবং ভবিষ্যতে ড্রেজিং বন্ধ হয়ে যেতে পারে। ড্রেজিং মাটি অপসারণের ক্ষেত্রে বর্তমান যে রেট চালু আছে তা থেকে কম রেট নির্ধারণ করে নথি উপস্থাপনের মাধ্যমে অনুমোদন গ্রহণ স্বাপেক্ষে বিজ্ঞপ্তি দিতে হবে। | বালি মাটি বিক্রয়ের রেট পুনঃ নির্ধারণের জন্য গত ১৬/০৫/২০২১ তারিখে কমিটির গঠনের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। | ব্যবস্থাপক (প্রশাসন) |

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৫. | নিরাপত্তা বিভাগের কর্মচারীদের জন্য নিরাপত্তা ব্যারাক নির্মাণ।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>২৭-০৪-২০২১ | মবক এর বর্তমান সেট আপে নিরাপত্তা বিভাগের মোট জনবল ৩৪৭ জন। এছাড়া নতুন প্রস্তাবিত ৫৬৬ জন জনবলের সেটআপ কার্যক্রম চলমান। নিরাপত্তা বিভাগের জনবল স্বল্পতার জন্য ১৪৫ জন আনসার সদস্য এবং ১০০ জন প্রাইভেট নিরাপত্তা প্রহরীর মাধ্যমে নিরাপত্তা কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। প্রাইভেট নিরাপত্তা প্রহরীদের বাসস্থানের ব্যবস্থা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক করা হয় এবং আনসার সদস্যদের বসবাসের জন্য বন্দর কর্তৃপক্ষ কর্তৃক স্থায়ী বন্দর এলাকায় একটি নিরাপত্তা ব্যারাক নির্মাণ করা হয়। উক্ত ব্যারাকে নিরাপত্তা প্রহরী ও আনসার সদস্য সহ মোট ১১৫ জন নিরাপত্তা কর্মী বসবাস করে। উল্লেখ্য গত ০১/০৪/২০২১ ইং তারিখ নতুন ৮৪ জন নিরাপত্তা প্রহরী যোগদান করলে তাদের মবক এর নিরাপত্তা ব্যারাক এবং টিনশেড ব্যাচেলর ব্যারাকে বসবাসের ব্যবস্থা করা হয়েছে। এছাড়া আগামী ০২ মে ২০২১ ইং তারিখে নতুন করে ২৩ জন নিরাপত্তা প্রহরী মোংলা বন্দর কর্তৃপক্ষে যোগদান করনে বলে জানা যায়। ফলে নিরাপত্তা কর্মীদের বাসস্থানের সংকট প্রকট হবে বলে প্রতীয়মান। এমতাবস্থায় নিরাপত্তা বিভাগের কার্যক্রম এবং জনবল নিয়োগ প্রক্রিয়া বিবেচনায় নতুন একটি নিরাপত্তা ব্যারাক নির্মাণ করা প্রয়োজন। উল্লেখ্য পত্র নং- ১৮.১৪.০১৫৮.১৭১.০০.০০৯.২১-২২০, তারিখ: ৩১/০৩/২০২১ ইং এর মাধ্যমে প্রধান প্রকৌশলী (সি: ও হা:) কে নিরাপত্তা বিভাগের কর্মচারীদের জন্য নতুন একটি নিরাপত্তা ব্যারাক নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ হয়। এ প্রেক্ষিতে প্রধান প্রকৌশলী সিঃ ও হাঃ সভাকে অবহিত করেন যে, নিরাপত্তা ব্যারাক নির্ধারণের জন্য মাস্টার প্লানের পিডিকে জানানো হয়। তদপ্রেক্ষিতে পিডি কর্তৃক জায়গা নির্ধারন করে প্রধান প্রকৌশলীকে অবগত করেন। উক্ত নির্ধারিত জায়গার বিষয়ে প্রধান নিরাপত্তা কর্মকর্তার মতামত গ্রহণ করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | দ্রুত নিরাপত্তা ব্যারাক নির্মাণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ) |
| ১৬. | মবক'র হাসপাতালে হার্টের রোগীদের জন্য ভ্যাকসিন রাখা এবং রেফারকৃত সংশ্লিষ্ট হাসপাতালে প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থা রাখা।<br>এজেন্ডা শুরুর তারিখঃ<br>২৭-০৪-২০২১ | এ বিষয়ে প্রধান চিকিৎসা কর্মকর্তা সভায় অবহিত করেন যে, মবক'র হাসপাতালে হার্টের রোগীদের জন্য প্রয়োজনীয় ঔষধ রাখা হয়েছে এবং গাজী মেডিকেল কলেজ হাসপাতাল ও সিটি মেডিকেল কলেজের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের নিমিত্তে পরিচালকদ্বয়ের নিকট প্রস্তাবনা চেয়ে পত্র প্রেরণ করা হয়েছে। কিন্তু অদ্যবধি কোন জবাব পাওয়া যায়নি। | সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়টি ত্বরান্বিত করতে হবে। | প্রধান চিকিৎসা কর্মকর্তা |
| ১৭. | মৃতদেহ পরিবহন বাবদ সম্পুর্ণ অর্থ পরিশোধ। | সিবিএ এর সভাপতি জানান যে, মবক'র কোন কর্মকর্তা/কর্মচারী মবক'র আবাসিক এলাকসমূহে মৃত্যুবরণ করলে তাদের মৃতদেহ গ্রামের বাড়িতে পরিবহন বাবদ মাত্র ৪,০০০/- টাকা প্রদান করা হয়ে থাকে। অথচ মৃত্যু ব্যক্তির লাশ গ্রামের বাড়িতে পরিবহনের জন্য আরো বেশি টাকা খরচ হয়ে থাকে। সেক্ষেত্রে কর্মকর্তা/কর্মচারী মবক'র আবাসিক এলাকাসমূহে মৃত্যুবরণ করলে তাদের মৃতদেহ পরিবহন বাবদ যে অর্থ খরচ হয় তা সম্পুর্ণ পরিশোধের জন্য সভায় আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়। | মবক'র কর্মকর্তা/কর্মচারী মবক'র আবাসিক এলাকাসমূহে মৃত্যুবরণ করলে প্রয়োজনীয় ডকুমেন্ট দাখিল করতঃ মৃতদেহ পরিবহন বাবদ খরচের সম্পুর্ণ অর্থ পরিশোধের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তা এবং ই, আর শাখা। |

নতুন এজেন্ডাঃ

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | **কর্মশাখা হতে প্রাপ্ত এজেন্ডাঃ** কর্ম শাখায় নিয়োগ, পদোন্নতি ও অন্যান্য জরুরী দাপ্তরিক কাজের জন্য ০১টি ডিজিটাল ফটোকপি মেশিন, ০২টি কম্পিউটার এবং ০৩টি প্রিন্টার সরবরাহ প্রসঙ্গে। | কর্ম শাখায় নিয়োগ, পদোন্নতি ও অন্যান্য জরুরী দাপ্তরিক কাজের জন্য ০১টি ডিজিটাল ফটোকপি মেশিন এবং ০৩টি প্রিন্টার সরবরাহকরণের জন্য নির্বাহী প্রকৌশলী (ই এন্ড ই), যান্ত্রিক ও তড়িৎ বিভাগ, মবক, মোংলা কে অনুরোধ করা হলেও অদ্যাবধি কর্ম শাখায় সরবরাহকরণ করা হয়নি। উল্লেখ্য, কর্ম শাখার দাপ্তরিক কাজের জন্য বর্ণিত মালামালসহ ০২টি কম্পিউটার জরুরি ভিত্তিতে সরবরাহ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | যান্ত্রিক ও তড়িৎ বিভাগ কর্তৃক এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। ক্রয়ের সময়ে সংশ্লিষ্ট বিভাগের লোক থাকতে হবে। | প্রধান প্রকৌশলী (যা: ও ত:) |
| ২. | **সিবিএ এর নিকট হতে প্রাপ্ত এজেন্ডাঃ** যাদের চাকুরী ২০/২৫ বছর হয়েছে তাদের সমস্কেলে পদ পরিবর্তন করা। | মবক তে যে সকল কর্মচারীদের চাকুরীর বয়স নুন্যতম ২০/২৫ বছর হয়েছে তাদের সমস্কেলে পদ পরিবর্তন করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | আইন/বিধি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন) |
| ৩. | অন্যান্য বিভাগের কর্মচারীদের অধিকাল ভাতা বাজেট অতিরিক্ত হওয়ার কারণে অধিকাল ভাতা প্রদানে জটিলতা। | মবক এ অন্যান্য বিভাগের কর্মচারীদের অধিকাল ভাতা বাজেট অতিরিক্ত হওয়ার কারণে অধিকাল ভাতা প্রদানে জটিলতা হচ্ছে। | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ বস্তুনিষ্ঠভাবে প্রকৃত অতিরিক্ত কাজের সময় নির্ধারণ করে অতিরিক্ত কাজের বিল পরিশোধের সুপারিশ করবেন। | সকল বিভাগীয়/ শাখা প্রধান |
| ৪. | **প্রধান অর্থ ও হিসাব রক্ষণ কর্মকর্তার নিকট হতে প্রাপ্ত এজেন্ডাঃ** মবক কর্তৃক মোংলা পৌরসভাকে বরাদ্দকৃত ট্রাক টার্মিনালের জায়গায় দোকান বরাদ্দ প্রসঙ্গে। | ট্রাক টার্মিনাল নির্মাণের জন্য মোংলা পৌরসভাকে মবক কর্তৃক ভূমি বরাদ্দ দেয়া হয়। গত ১২/০৪/২০২১ এবং ১৬/০৫/২০২১ ইং তারিখে অর্থ ও হিসাব বিভাগ কর্তৃক নিম্নবর্ণিত কতিপয় তথ্য জানতে চেয়ে প্রশাসন বিভাগে পত্র প্রেরণ করা হয়।<br>১। মোংলা পৌরসভাকে কত একর জমি বরাদ্দ দেয়া হয়েছে।<br>২। ট্রাক টার্মিনালের জায়গায় কতগুলো দোকান এ পর্যন্ত বরাদ্দ দেয়া হয়েছে।<br>৩। কোন কমিটির মাধ্যমে উক্ত বরাদ্দ প্রদান করা হয়েছিল কি না।<br>৪। বরাদ্দ প্রদানের ক্ষেত্রে কোন পদ্ধতি অনুসরণ করা হয়েছিল কি না।<br>৫। বরাদ্দ প্রদানের ক্ষেত্রে Reserve Value নিধারণ করা হয়েছিল কি-না বা কোন পদ্ধতিতে করা হয়ছিল।<br>৬। বরাদ্দকৃত টাকা মবক এর কোন হিসাবে জমা করা হয়েছে।<br>৭। যে সকল ব্যক্তিদের নামে দোকান বরাদ্দ দেয়া হয়েছে তাদের পূর্ণাঙ্গ ঠিকানাসহ তালিকা প্রয়োজন।<br>৮। মবক ও পৌরসভার মধ্যে অংশদারিত্বের হার কত।<br>কিন্তু অদ্যাবধি কোন তথ্য সরবরাহ করা হয়নি। এ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | পৌরসভা কর্তৃপক্ষের সাথে অনুষ্ঠেয় সভায় বিষয়গুলো নিয়ে আলোচনাপূর্বক পরবর্তীতে জানানো হবে। | ব্যবস্থাপক (প্রশাসন) ও উপ-ব্যবস্থাপক (সম্পত্তি) |

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৫. | মোংলা বন্দর কর্তৃপক্ষের স্থায়ী বন্দর, পুরাতন মোংলা এবং খুলনাস্থ বিভিন্ন স্থাপনা ও মবক এর ভাড়া/ইজারাকৃত খালি জমির আদায়কৃত অর্থ এবং বকেয়া অর্থের বিবরণ প্রেরণ। | মোংলা বন্দর কর্তৃপক্ষের স্থায়ী বন্দর, পুরাতন মোংলা এবং খুলনাস্থ বিভিন্ন স্থাপনা ও মবক এর ভাড়া/ইজারাকৃত জমির দেনা-পাওনার বিবরণ চূড়ান্ত হিসাবে প্রতিফলনের লক্ষ্যে আদায়কৃত অর্থ এবং বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট বকেয়া অর্থের তালিকা অর্থ ও হিসাব বিভাগে প্রেরণের জন্য গত ০৪/১২/২০১৬, ১৬/০১/২০১৯, ২৭/০৩/২০১৯, ০৪/০৯/২০১৯ এবং ১১/০৪/২০২১ইং তারিখে প্রশাসন বিভাগে একাধিকবার পত্র প্রেরণ করা হয়েছে।<br>কিন্তু উক্ত বিষয়ে কোন তথ্য অর্থ ও হিসাব বিভাগে অদ্যাবধি প্রেরণ করা হয়নি। উল্লেখ্য যে, উক্ত তথ্যাদি চূড়ান্ত হিসাবে প্রতিফলনের জন্য সিএ ফার্ম কর্তৃক সুপারিশ করা হয়। | মাষ্টার প্লান আপগ্রেড হওয়ার পূর্বে নতুনভাবে জমি বরাদ্দ প্রদান কার্যক্রম স্থগিত রাখতে হবে। | ব্যবস্থাপক (প্রশাসন) ও উপ-ব্যবস্থাপক (সম্পত্তি) |

সভাপতি যে সকল আলোচ্যসূচির বিষয়ে ইতোমধ্যে কার্যক্রম সম্পন্ন হয়েছে সে সকল আলোচ্যসূচি কার্যবিবরণী হতে বাদ দেয়ার পরামর্শ প্রদান করেন। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/ ২২-০৬-২১
রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, বিএন
চেয়ারম্যান

স্মারক নং- ১৮.১৪.০১৫৮.১২৪.৩৮.০৫৪(অংশ-১).২০- জুন ২০২১ খ্রিঃ।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১। সদস্য ( ), মবক, মোংলা।
২। বিভাগ/কোষ প্রধান:
.......................................................... মবক, মোংলা।
৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মবক, মোংলা।

২২/৬/২০২১

মোঃ শাহীনুর আলম
উপসচিব
পরিচালক (প্রশাসন)